

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা
www.bbs.gov.bd

[Handwritten Signature]
০৬/০২/২০১৭
নিমিত্ত

নং-৫২.০১.০০০০.১০২.৫২.০৩৭.১৭

তারিখ: অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ
ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক : বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়
চট্টগ্রাম।

বিষয় : অবসর-উত্তর ছুটি (পিআরএল) ও ছুটির নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুরী।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস উইং এর আওতাধীন চট্টগ্রাম জেলা পরিসংখ্যান কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা জনাব মো: হারুনুর রশীদ এর এসএসসি পাসের সনদ মোতাবেক তার জন্ম তারিখ ৩১-১২-১৯৫৮ খ্রিস্টাব্দ। তদানুযায়ী তার বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্তির ভিত্তিতে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি শাখা-১ এর ০৬/০৪/২০১০ খ্রিস্টাব্দ তারিখের নং- অম/অবি/প্রবি-১/চা:বি:-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪ ও ৭ ধারার সংশোধনী এবং নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১) ধারা এবং অর্থ মন্ত্রণালয় হতে জারিকৃত ২৮/০৫/২০০৫ খ্রিস্টাব্দ তারিখের নং- এস.আর.ও ১১৯/আইন/২০০৫/অম/অবি(বাস্ত:-১)/জা:বে:স্কেল-১/২০০৫/৭৩ সংখ্যক প্রজ্ঞাপন এর অনুচ্ছেদ ৬ এর ১৩ উপ-অনুচ্ছেদ মোতাবেক তাকে নিম্নরূপ অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো। উল্লেখ্য, তিনি পূর্ণগড় বেতনে ০২ (দুই) বছর ০৮ (আট) মাস ০৪ (চার) দিন এবং অর্ধগড় বেতনে ০২ (দুই) বছর ০৬ (ছয়) মাস ০১ (এক) দিন অর্জিত ছুটি পাওনা আছেন।

(ক) ৩০-১২-২০১৭ খ্রিস্টাব্দ তারিখে অবসর এবং ৩১-১২-২০১৭ খ্রিস্টাব্দ তারিখ হতে ৩০-১২-২০১৮ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত ১২ (বারো) মাস পূর্ণগড় বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল)। তিনি ৩১-১২-২০১৮ খ্রিস্টাব্দ তারিখে চাকুরি হতে চূড়ান্ত অবসর গ্রহণ করবেন।

০২। বর্ণিত অবসর-উত্তর ছুটি অর্থাৎ পিআরএল ব্যতীত অবশিষ্ট পাওনা ০১ (এক) বছর ০৮ (আট) মাস ০৪ (চার) দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি হতে অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন নং- ০৭.০০.০০০০.১৭১. ১৩.০০৬.১৫-৮১, তারিখ: ১৪ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ/২৯ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৮ (আঠারো) মাসের পূর্ণগড় বেতনে অর্জিত ছুটির বিনিময়ে সর্বশেষ মাসে আহরিত মূল বেতন ৩৪,১৭০/- টাকা হারে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৩৪,১৭০x১৮) = ৬,১৫,০৬০/- (ছয় লক্ষ পনেরো হাজার ষাট) টাকা মাত্র ছুটির নগদায়ন (লাম্পগ্র্যান্ট) মঞ্জুর করা হলো।

০৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো।

স্বা.

বিধান বড়াল
পরিচালক

ফোন ৪৮১১১৫৩৪-০২ :

email: bidhan_d4@yahoo.com

MH

তারিখ: ২২ অগ্রহায়ণ, ১৪২৪ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

নং-৫২.০১.০০০০.১০২.৫২.০৩৭.১৭- ৩৪৮৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।
- ০২। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।
- ০৩। প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
- ০৪। জনাব মো: হারুনুর রশীদ, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।
- ০৫। অফিস কপি/ব্যক্তিগত নথি।

[Handwritten Signature]